



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১০ মে ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### প্রসিত খীসাসহ নেতাকর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা দুরভিসন্ধিমূলক: ইউপিডিএফ মুখপাত্র

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর মুখপাত্র মাইকেল চাকমা আজ ১০ মে ২০১৮ বৃহস্পতিবার এক বিবৃতিতে মন্টি-দয়াসোনা'র অপহরণকারী দাগী আসামী তপন জ্যোতি চাকমা ও সন্ত্রাসের মদদদাতা শক্তিমান চাকমা হত্যাকাণ্ডের সাথে ইউপিডিএফ সভাপতি প্রসিত বিকাশ খীসাসহ দলের নেতা-কর্মী-সমর্থকদের জড়িত করে ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ও ক্ষোভ প্রকাশ করেন এবং অবিলম্বে মামলা প্রত্যাহারের দাবি জানান।

উক্ত হত্যাকাণ্ডের সাথে ইউপিডিএফ-এর কোন নেতাকর্মী কোনভাবে সংশ্লিষ্ট নয় দাবি করে তিনি আরো বলেন, পার্বত্য চট্টগ্রামের জনগণের ন্যায় অধিকার আদায়ের আন্দোলনে নেতৃত্বদানকারী শক্তিকে দুর্বল করতে দুরভিসন্ধিমূলকভাবে ইউপিডিএফ-এর নেতাকর্মীদের বিরুদ্ধে উক্ত মামলা দায়ের করা হয়েছে। ইদানিং বিরোধীপক্ষকে ঘায়েল করার লক্ষ্যে সংশ্লিষ্টতার কোন আলামত না থাকলেও নির্দেশদাতা হিসেবেও মামলা করতে দেখা যাচ্ছে, যা আইনের শাসনের পরিপন্থী।

চাঞ্চল্যকর মন্টি-দয়াসোনা অপহরণে সরাসরি তপন জ্যোতি বর্মার নেতৃত্ব ও শক্তিমানের সংশ্লিষ্টতার বিষয়টি মুক্তির পরে সংবাদ সম্মেলনে প্রদত্ত মন্টি-দয়াসোনা'র বয়ান থেকে প্রমাণিত উল্লেখ করে ইউপিডিএফ মুখপাত্র বর্মা ও শক্তিমান চাকমার হত্যাকাণ্ডের সুষ্ঠু, নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্ত এবং ইউপিডিএফ নেতা-কর্মীসহ নিরপরাধ লোকজনকে হয়রানি না করারও দাবি জানান।

বিবৃতিতে ইউপিডিএফ মুখপাত্র সেনা সৃষ্ট নব্যমুখোশবাহিনীর হাতে মিঠুনসহ একের পর এক খুন, অপহরণ ও অরাজকতায় সরকার-প্রশাসন পদক্ষেপ না নিলেও পার্বত্য চট্টগ্রামের বিক্ষুব্ধ ছাত্র-যুব-জনতার সাথে দেশের সমতলের গণতান্ত্রিক শক্তিও একাত্ম হয়েছে বলে জানান এবং 'বর্মা-শক্তিমানের' রহস্যজনক হত্যাকাণ্ডকে জনগণের ন্যায়সঙ্গত প্রতিবাদ বিক্ষোভ দমনের হাতিয়ার হিসেবে ব্যবহারের পরিণাম কখনই শুভ হবে না বলে মন্তব্য করেন। এতে পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতি আরো বেশী অস্থিতিশীল হয়ে উঠলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণ সরকার-প্রশাসনের ওপর বর্তাবে বলে মত প্রকাশ করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।